Ashwin 26, 1425 Bangla, October 11, 2018 Thursday, No. 284 48th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina urges private television channels to perform their duty to build the advanced & opened society side by side making profit. (R. Today: 11)

Court has awarded death sentence to 19 people including Lutfozzaman Babar & handed down life imprisonment to 19 others including Tarique Rahman for August 21 grenade attack on AL rally. (BBC: 3/VOA: 7/R. Tehran: 8)

AL GS says, AL is not unhappy with the verdict although it is not fully satisfied as the mastermind of the grenade attack Tarique Rahman should get capital punishment. (BBC: 3/VOA: 7/R. Tehran: 8)

Law Minister expressing satisfaction over verdict of August 21 grenade attack case says, Tarique Rahman was the mastermind of conspiracy & maximum punishment should be awarded for him. (R. ABC: 10)

ICT adviser to PM says, govt. should immediately issue a new 'Interpol Red Notice' for Tarique Rahman who has been sentenced to life-term imprisonment in August 21 grenade attack case. (R. Today: 12)

BNP SG says, the party has rejected the verdict in the August 21 grenade attack case - adds, verdict was politically motivated & naked exposure of political vendetta of incumbent govt. (BBC: 3/VOA: 7/R. Tehran: 8)

Extremely powerful Hurricane 'Michael' slams Florida of US & 13 people reported died. (BBC: 7)

At least seven people have died & over 30 others injured after a passenger train derailed in norther Indian state of Uttar Pradesh. (R. Tehran: 9)

আশ্বিন ২৬, ১৪২৫ বাংলা, অক্টোবর ১১, ২০১৮ বৃহস্পতিবার, নং-২৮৪, ৪৮ বছর

# শিরোনাম

মুক্ত ও উন্নত সমাজ গড়তে গণমাধ্যমকে সামাজিক ভূমিকা পালনের আহবান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে: ১১)

২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ১৯জনের মৃত্যুদণ্ড এবং তারেক রহমানসহ ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত।
(বিবিসি: ৩/ভোয়া: ৭/রে. তেহরান: ৮)

"গ্রেনেড হামলা মামলার রায়ে আওয়ামী লীগ অখুশী নয়, তবে পুরোপুরি সন্তুষ্ট নয় - মাস্টার মাইন্ডের সর্বোচ্চ শাস্তি হওয়া উচিত ছিল" - ওবায়দুল কাদের। (বিবিসি: ৩/ভোয়া: ৭/রে. তেহরান: ৮)

২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে সন্তোষ প্রকাশ করে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, তারেক রহমানের মৃত্যুদণ্ড হওয়া উচিত ছিল। (রেডিও টুডে: ১০)

"সরকারের উচিত ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত তারেক রহমানের বিরুদ্ধে নতুন করে ইন্টারপোলের রেড নোটিশ জারি করা"- সচিব ওয়াজেদ জয়। (রেডিও টুডে: ১২)

'এ রায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত; ক্ষমতাসীন সরকারের রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার নগ্ন প্রয়াস'- মির্জা ফখরুল। (বিবিসি: ৩/ভোয়া: ৭/রে. তেহরান: ৮)

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা উপকূলে আঘাত হেনেছে এ যাবতকালের সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড় মাইকেল; ১৩ জনের নিহত হওয়ার খবর পাওয়া গেছে। (বিবিসি: ৭)

ভারতের উত্তর প্রদেশে ট্রেন দুর্ঘটনায় কমপক্ষে ৭জন নিহত এবং ৩০জন যাত্রী আহত। (রে. তেহরান: ৯)

# বিবিসি

## ১৪ বছর আগের গ্রেনেড হামলা মামলার রায়ে ১৯ জনের মৃত্যুদণ্ড, যাবজ্জীবন কারাদণ্ড ১৯ জনের

বাংলাদেশে ১৪ বছর আগে আওয়ামী লীগের এক জনসভায় গ্রেনেড হামলার মামলায় আজ আদালত মোট ১৯ জনের মৃত্যুদণ্ড এবং আরো ১৯ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে। মৃত্যুদণ্ডপ্রাপ্তদের মধ্যে রয়েছেন বিএনপির দুজন সাবেক মন্ত্রী আর দলের ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। ২০০৪ সালে ঢাকায় বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের সভায় ঐ হামলায় নিহত হয়েছিলেন মোট ২৪ জন। হামলা থেকে অল্পের জন্য প্রাণরক্ষা পান বর্তমান প্রধানমন্ত্রী ও সে সময়ের বিরোধী দলীয় নেত্রী শেখ হাসিনা। ঢাকায় আজ গুরুত্বপুর্ণ আর স্পর্শ কাতর এ মামলার রায় ঘোষণার সময় আদালত কক্ষে ছিলেন বিবিসির কাদির কল্লোল। শুনুন ঢাকা থেকে পাঠানো তার প্রতিবেদন।

ঢাকার নাজিমুদ্দিন রোডের পুরানো কারাগারের সামনে একটি ভবনে দ্রুত বিচার ট্রাইব্যুনালের অস্থায়ী এজলাশে পৌনে ১২টার দিকে বিচারক রায় পড়া শুরু করেন। এর আগে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ কারাগারে থাকা ৩১ জন আসামীকে কড়া পুলিশি পাহাড়ায় এজলামের কাঠগড়ায় নেয়া হয়। বিদেশে থাকা বিএনপি নেতা তারেক রহমান এবং হারিস চৌধুরীসহ ১৮ জনকে পলাতক দেখিয়ে মামলার বিচার কাজ শেষ করা হয়েছে। একুশে আগস্টের হামলার সেই ঘটনায় হত্যার জন্য পূর্ব পরিকল্পনা করা হয়েছিল কি-না, গ্রেনেড হামলা চালিয়ে হত্যাকাণ্ডের পর তা ভিন্নখাতে প্রবাহিত করার চেষ্টা করা হয়েছিল কি-না, গ্রেনেডগুলোর উৎস কি ছিল, তাছাড়া মাঠে ঘটনাটি কারা ঘটিয়েছে এসব প্রশ্নকে ভিত্তি করে বিচার কাজ চালানো হয়েছে বলে আদালত উল্লেখ করেছে। আদালত বলেছে প্রশ্নগুলোর জবাব মিলেছে এবং প্রমাণিত হওয়ায় দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা হয়েছে। পূর্ব পরিকল্পিত হত্যার জন্য একুশে আগস্টের হামলাটি চালানো হয় বলে আদালত রায়ে বিশেষভাবে উল্লেখ করেছে। সরকার পক্ষের আইনজীবীদের মধ্যে অন্যতম মোশাররফ হোসেন কাজল বলেছেন, শেষ পর্যন্ত বিচার হায়ে মামলার রায়ে তারা সন্তুষ্ট কিন্তু বিএনপি নেতা তারেক মহমানের মৃত্যুদণ্ড না হওয়ায় সে ব্যাপারে তারা আপিল করবেন, (স্বকণ্ঠে) ঃ দীর্ঘ ১৪ বছর পর আমরা রায় পেয়েছি। আমরা খুশি হয়েছি কারণ জাতি এ রায়ের জন্য অপেক্ষ করছিল। তারেক রহমানের যাবজ্জীবন কারাদন্ড হয়েছে। লুৎফুজ্জামান বাবরসহ ১৯ জন মৃত্যুদণ্ডে দণ্ডিত হয়েছে। আমরা উচ্চতর আদালতে যাবো। তারেক রহমানের ফাঁসির যে বিষয়টা সেটা চাওয়ার সুযোগ এখনও রয়েছে।

তবে তারেক রহমানসহ আসামীদের পক্ষের আইনজীবীদের মধ্যে অন্যতম সানাউল্লাহ মিয়া এ রায় নিয়ে অসন্তোষ প্রকাশ করেন, (স্বকণ্ঠে) তারেক রহমান ন্যায় বিচার পায় নাই, সে কোন ল'ইয়ার দিতে পারে নাই। এ মামলায় তারেক রহমান হাওয়া ভবন ধানমন্ডিতে কোন ষড়যন্ত্র করে নাই, কোন পরিকল্পনা করে নাই। অন্যায়ভাবে তাকে সাজা দেওয়া হচ্ছে। তারেক রহমান সাহেব যখন দেশে আসবেন দেশে এসে তিনি আপিল করবেন। তাকে অন্যায়ভাবে ফাসানো হয়েছে। আমরা আপিল এর কারণগুলো তখন উল্লেখ করবো।

গত বিএনপি সরকারের সময় গ্রেনেড হামলায় এ ঘটনায় একটি মামলা হলেও সে সময় তদন্ত নিয়ে প্রশ্ন উঠেছিল। তখন জজ মিয়া নামের একজন যুবককে আটক করে নাটক সাজানোর অভিযোগ উঠেছিল। পরে ঘটনার চার বছর পর বিগত সেনা সমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে আগের মামলা বাতিল করে হত্যা এবং বিস্ফোরক আইনে দুটি মামলা করা হয়েছিল। তখন জঙ্গী নেতা মুফতি আব্দুল হান্নানকে গ্রেফতার করা হয়েছিল। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর এ দুটি মামলাতেই পুন:তদন্ত করে বিচার কাজ এগিয়ে নেওয়া হয়। হত্যার অভিযোগে মামলটি করেছিলেন আওয়ামী লীগের একজন কর্মী বদর আজিমউদ্দিন। তিনি নিজেও সেদিন গ্রেনেড হামলায় আহত হয়েছিলেন। আদালত চত্ত্বরে তিনি রায় সম্পর্কে বলছিলেন, (স্বকণ্ঠে) : আমি এই মামলা নিয়ে প্রথমে রমনা থানায় গিয়েছিলাম। তারা এন্ট্রি করে নাই, পুলিশ কমিশনারের কাছে অভিযোগ করেছিলাম। তারপর আমি তত্ত্বাবধায়ক সরকারের আমলে সিএমএম আদালতে মামলা করেছিলাম। আমার মামলার উপর অধিকতর তদন্ত হয়েছে। আমার প্রক্রিয়া হলো তারেক জিয়া, হারিস চৌধুরী এদের যাবজ্জীবন দেয়া মেনে নিতে পারছি না।

আদালতে পর্যক্ষেণের বিশেষভাবে উল্লেখ করা হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সমাবেশে এবং সাবেক অর্থমন্ত্রী শাহ এম এস কিবরিয়ার উপর বা রমনা বটমূলে হামলার মতো ঘটনায় পুনরাবৃত্তি মানুষ চায় না। আসামীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিতে নৃশংস হামলার পুনরাবৃত্তি ঠেকানো সম্ভব। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১০/১০/১৮ সোনিয়া/কোহিনূর)

## একুশে আগস্টের মামলার রায়ে অখুশি নয় আওয়ামী লীগ, অপরদিকে রায় প্রত্যাখান বিএনপির

বাংলাদেশে একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের পর সরকারি দল আওয়ামী লীগ পুরোপুরি সন্তোষ প্রকাশ না করলেও অখুশি নয় বলে মন্তব্য করেছে। এদিকে, বিএনপি এক সংবাদ সম্মেলনে এই রায় প্রত্যাখান করে বলেছে এটি রাজনৈতিক উদ্দেশ্যমূলক রায়। এর প্রতিবাদে বিক্ষোভ কর্মসূচি ঘোষণা করেছে দলটি। একুশে আগস্টের গ্রেনেড হামলার শিকার হয়েছিলেন যারা তাদের পরিবারও এই রায়ে পুরোপুরি সন্তুষ্ট নন। ঢাকা থেকে আরো জানাচ্ছেন ফারহানা পারভীন।

সকাল থেকে ঢাকার বঙ্গবন্ধু এভিনিউতে আওয়ামী লীগের কার্যালয়ের সামনে নেতা-কর্মীদের ব্যাপক সমাগম ঘটে। তারা রায় ঘোষণা হওয়ার আগেই মাইকে আসামীদের সর্বোচ্চ শাস্তির দাবি জানাতে থাকে। দুপুর ১২টা নাগাদ রায় ঘোষণা হলে নেতা-কর্মী ও আহত ব্যক্তিদের মধ্যে কিছুটা স্বস্তি আবার চরম ক্ষোভ এবং হতাশা দেখা যায়। ঢাকা মহানগর আওয়ামী লীগের নেতা শাহ আলম মুরাদ বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের যাবজ্জীবন কারাদণ্ডের বিষয়ে অসন্তোষ প্রকাশ করেন, (স্বকণ্ঠে) ঃ আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল, বিজ্ঞ আদালত রায় দিয়েছেন কিন্তু আমাদের দাবি হলো আগামী দিনে উচ্চ আদালতে এই ঘটনার পরিকল্পনাকারী খুনি তারেক জিয়ার দৃষ্টান্তমূলক সর্বোচ্চ শাস্তি ফাঁসি।

এদিকে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এক সংবাদ সম্মেলনে বলেন, এই রায়ে আওয়ামী লীগ পুরোপুরি সন্তোষ প্রকাশ না করলেও অখুশি নয়, (স্বকণ্ঠে) ঃ “আমরা বিলম্বিত হলেও এই রয়ে আমরা অখুশি নই। কিন্তু আমরা পুরোপুরি সন্তুষ্ট নই।”

আওয়ামী লীগের অফিসের সামনে যেমন নেতা-কর্মীর আহত এবং নিহত পরিবারের ভীড় ছিল তার উল্টো চিত্র ছিল বিএনপির নয়াপল্টনের অফিসের সামনে। সকাল থেকেই অফিসের সামনে আইন শৃঙ্খলা বাহিনীর অবস্থান ছিল বাইরের কোন নেতা-কর্মী ছিল না। তবে রায় প্রকাশ করার পর কার্যালয়ের মধ্যে দলের শীর্ষ নেতারা প্রেস কনফারেন্স করে তাদের প্রতিক্রিয়া জানান। দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন এই রায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত এবং এই রায় তারা প্রত্যাখ্যান করেন, (স্বকণ্ঠে) ঃ বিএনপি মনে করে এ রায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। ক্ষমতাসীন সরকারের রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার নগ্ন প্রকাশ। আমরা এ রায়, ফরমায়েশি রায় প্রত্যাখ্যান করছি। জাতির দুর্দিনে এই যে সরকার তার প্রতিহিংসা চরিতার্থ করার জন্য আদালতকে ব্যবহার করে আরেকটি মন্দ দৃষ্টান্ত স্থাপন করলো। যেমনটি করেছে মিথ্য মামলায় দেশনেত্রী বেগম খালেদা জিয়াকে কারাদণ্ড দিয়ে।

এদিকে, আওয়ামী লীগের অফিসের সামনে জড়ো হওয়া আহত এবং নিহতদের পরিবারের সদস্যরা এ রায় একেবারে মেনে  নিতে পারেননি।

জনৈক নারী: তারেক জিয়ার ফাঁসি চাই। তারেক জিয়ার ফাসি হলে সব মহিলারা খুশি হবে যারা এখানে আহত হয়েছেন। এ কারণে আজকে আমার এখানে আসা।

জনৈক ব্যক্তি: আদালতের প্রতি শ্রদ্ধা রেখে বলতে চাই এ রায়ের প্রতি আমি ব্যক্তিগতভাবে সন্তুষ্ট হইনি। তারেক জিয়া একুশে আগস্ট গ্রেনেড হামলার মুল পরিকল্পনাকারী। তারেক জিয়ার ফাঁসি চাই, হারিস চৌধুরীর ফাঁসি চাই। তাদের যাবজ্জীবন মানা হবে না।

জনৈক নারী: এ রায়ে আমরা সত্যিই সন্তুষ্ট না। তারেক জিয়া তো বের হয়ে যাবে। জামিন আপিল করে বের হয়ে যাবে। আবার একটা ষড়যন্ত্র করবে।

এদিকে, বিএনপি বলছে এ রায়ের বিরুদ্ধে তারা আইনী এবং রাজনৈতিক দুভাবেই তারা পদক্ষেপ নেবে। দলটি আগামীকাল বৃহস্পতিবার থেকে সারাদেশে বিক্ষোভ করার কর্মসূচি ঘোষণা করেছে। এছাড়া ১৮ তারিখ পর্যন্ত সারাদেশে দলটি নানা অঙ্গ সংগঠন কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ কর্মসূসি ঘোষণা দিয়েছে।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১০/১০/১৮ রিহাব/কোহিনূর)

## ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় সম্পর্ক আরও তিক্ত করে দেবে আওয়ামী লীগ ও বিএনপির

বাংলাদেশে যে কয়েকটি রাজনৈতিক হত্যাকাণ্ডে দুই প্রধান দল আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে বৈরিতা আরও তীব্র করে তুলেছে ২১শে আগস্ট এর গ্রেনেড হামলা দিন তার একটি। এ ঘটনার প্রথম থেকেই আওয়ামী লীগ অভিযোগ করে আসছিল যে তৎকালীন ক্ষমতাসীন দল বিএনপি এবং তাদের সহযোগিরাই এ হামলার পেছনে এবং তারা এ ঘটনার সঠিক তদন্তে বার বার বাধা সৃষ্টি করেছে। এ মামলায় এখন বিএনপির দ্বিতীয় শীর্ষ নেতা তারেক রহমানের সাজা হওয়ার পর বিএনপি পাল্টা অভিযোগ করছে যে রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে তাকে এ মামলায় ফাঁসানো হয়েছে। বাংলাদেশের রাজনীতিতে এ মামলার রায় কি প্রভাব ফেলতে পারে শুনুন আকবর হোসেনের প্রতিবেদন :

বাংলাদেশে ১৯৯১ সালে গণতন্ত্র উত্তরনের পর কোনো রাজনৈতিক সমাবেশে এত বড় হত্যাকাণ্ড হয়নি। সে হামলার লক্ষ্য যে শেখ হাসিনাই ছিলেন তাতে কোনো সন্দেহ নেই। এ হামলার পর বাংলাদেশের রাজনীতির হিসাব-নিকাশ বেশ জটিলও হয়েছে। এখন প্রশ্ন হচ্ছে এ মামলার রায়ের পর এর প্রভাব রাজনীতিতে কী পড়বে? রাজনৈতিক পর্যবেক্ষক দিলারা চৌধুরী বলছেন, রাজনীতিতে এটি কোনো বাড়তি প্রভাব ফেলবে বলে তিনি মনে করেন না। (স্বকণ্ঠে): আমার তো মনে হয় না এটা নতুন কিছু যোগ করবে। কারণ সে তো আগেই দণ্ডিত হয়েছে। এটায় নতুন করে একটা হুড়োহুড়ি বিএনপি দেখানোর চেষ্টা করবে যে এটা তার রাজনীতির জন্য হয়েছে। সেটা সবসময় বিএনপি বলে আসছে।

আওয়ামী লীগ বরাবরই বলে আসছে যে গ্রেনেড হামলার মাধ্যমে শেখ হাসিনাকে হত্যা করে বিএনপি ক্ষমতা পোক্ত করতে চেয়েছিল। রাজনৈতিক পর্যবেক্ষক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাশেদা রওনক খান মনে করেন, দু দলের মধ্যে যে গভীর তিক্ততা তৈরি হয়েছে। সেটি কাটবে কি-না তাতে তার সন্দেহ রয়েছে, (স্বকণ্ঠে): এমন যদি ষড়যন্ত্র

হয় যে বাংলাদেশের সবচেয়ে বড় দল, বঙ্গবন্ধুর রাজনৈতিক দল আওয়ামী লীগ এর বঙ্গবন্ধু কন্যাকে মেরে ফেলার একটা ষড়যন্ত্র ঘটে। যে ষড়যন্ত্র বিএনপি যখন ক্ষমতায় ছিল সে সময়কালের ঘটনা। সে জায়গা থেকে পরিস্থিতিটা এমন হওয়া স্বাভাবিক হবে না যে এ রায়ের মধ্য দিয়ে স্বাভাবিক পরিস্থিতি তৈরি হবে। কারণ একজন মানুষকে যদি মেরেই ফেলতে চায় বা একটা রাজনৈতিক দলের যদি মূল উৎপাটনই করে দিতে চায় এবং তা হত্যাকান্ডের মধ্যে দিয়ে সে রাজনৈতিক দলতো সেগুলো ভুলে যাবে না।

এই মামলার মূল চরিত্রই ছিলেন তারেক রহমান। গত এগার বছর ধরে তিনি নির্বাসনে রয়েছেন লন্ডনে। মি. রহমান সহসা দেশে ফিরবেন সেরকম কোন সম্ভাবনাও নেই। রাষ্ট্র বিজ্ঞানী দিলারা চৌধুরী মনে করেন, গ্রেনেড হামলা মামলার এই রায় তারেক রহমানের জন্য বাড়তি কোন প্রভাব তৈরি করবে না, (স্বকণ্ঠে): যারা বিএনপির সার্পোটার তারা তাকে সার্পোটই করে যাবে আর যারা আওয়ামী লীগের সার্পোটার তারা বলেই যাবে যে তার নেতৃত্ব আর মানা যায় না। যদি আওয়ামী লীগ এটা রাজনীতিকরণের চেষ্টা করে তাহলে এটি বিএনপি এফেক্ট করবে না। আর যদি আওয়ামী এটাকে ন্যাশনাল এপ্রোচ নেই তাহলে এটি বিএনপিকে নেগেটিভলি এফেক্ট করবে।

রাজনৈতিক দল হিসেবে বিএনপি গত বেশ কয়েক বছর ধরেই এমনিতেই চাপের মুখে রয়েছে বলে মনে করেন অনেক পর্যবেক্ষক। একদিকে খালেদা জিয়ার কারাদণ্ড এবং অপর দিকে তারেক রহমানের নির্বাচন। এই দুটি অবস্থার প্রেক্ষাপটে গ্রেনেড হামলা মামলার রায় হয়েছে। রাশেদা রওনক খান বলছেন, দলের উপর কি প্রভাব পড়বে সেটি নির্ভর করছে তারা বিষয়টিকে কিভাবে মোকাবেলা করবে তার উপর, (স্বকণ্ঠে): দেশের মানুষকে নিয়ে যখন রাজনীতি, দেশকে নিয়ে যখন রাজনীতি এক সময় না এক সময় তো দেশে ফিরতেই হবে। ফেরা উচিত, সেই জায়গা থেকে তিনি নিশ্চয়ই সেটা ভাববেন। বিচারের মুখোমুখি হয়ে যদি তিনি আসলেই দোষী না হয়ে থাকেন তাহলে তো তিনি সেই জায়গা থেকে বিচার বিভাগের উপর আস্থা রেখে তিনি আসতেই পারেন। এটা একেবারেই নির্ভর করে বিএনপির বা তার সামনের পরিকল্পনাটা কি তার উপর।

কোন কোন পর্যবেক্ষক বলছেন আসছে নির্বাচনে বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি কি দাঁড়ায় এবং হিসেব-নিকেশ কোনদিকে যায় সেটির উপর নির্ভর করবে এই রায়ের দীর্ঘ মেয়াদী কোন রাজনৈতিক প্রভাব থাকবে কিনা।

(বিবিসি: ১৯:৩০ ঘ: ১০/১০/১৮ রিহাব/আশরাফ)

## গ্রেনেড হামলার রায়ের বিষয়ে কাদির কল্লোলের স্বাক্ষাৎকার

কাদির কল্লোল এখন ঢাকা স্টুডিও থেকে আমাদের সঙ্গে যোগ দিচ্ছেন।

বিবিসি: কাদির, আপনি তো আজ আদালত কক্ষে ছিলেন এবং গুরুত্বপূর্ণ একটা মামলা, এতসব গুরুত্বপূর্ণ আসামী, সেখানে পরিবেশ কেমন ছিলো?

কাদির : বিচারক শাহেদ নুরুদ্দীন এজলাসে আসেন বেলা সাড়ে এগারটার কিছু সময় পর। এর আগেই সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর এবং আব্দুস সালাম পিন্টুসহ ৩১ জন যারা কারাগারে ছিলেন কড়া পুলিশি পাহাড়ায়। তাদের একের পর এক আদালতে আনা হয়। বিচারকের সামনে বা-দিকে লম্বা কাঠগড়ায় আসামীদের দাড় করিয়ে রাখা হয়। এই আসামীদের মধ্যে দেখা গেছে যারা নিজেরা সরাসরি গ্রেনেড হামলায় জড়িত ছিলো এমন ১৯ জনকে ডাণ্ডাবেরি পড়ানো ছিলো। আদালতে আইনজীবী এবং সাংবাদিকদের উপচে পড়া ভীড় ছিলো। পুলিশও ছিলো ব্যাপক। বেলা পৌনে বারটার দিকে বিচারক রায় পড়া শুরু করেন। কিন্তু রায় পড়া শুরুর সঙ্গে সঙ্গে আদালতে বিদ্যুৎ চলে যায়। সেই পরিস্থিতির মধ্যেই বিচারক রায় পড়ে শোনান মাইক ছাড়াই। শাস্তির আদেশের অংশ এবং কিসের ভিত্তিতে এ রায় দিয়েছেন এবং তার পর্যবেক্ষণ এটুকুই সংক্ষেপে পড়ে শুনিয়েছেন।

বিবিসি: বিচারক যখন রায় ঘোষনা করলেন উপস্থিত আসামীদের প্রতিক্রিয়া তখন কি ছিলো?

কাদির: এজলাশের এক মাথা থেকে আরেক মাথা পর্যন্ত লম্বা কাঠগড়ায় আসামীরা সারিবদ্ধভাবে দাড়িয়ে ছিলেন। রায় পড়া শুরুর আগে থেকেই তাদের চোখে মুখে চিন্তার ভাব লক্ষ্য করা গেছে। বিচারক যখন আসামীদের নাম ধরে ধরে শাস্তির আদেশ পড়ে শোনাচ্ছিলেন এখন তাদের বিমর্ষ দেখা গেছে। রায় শেষে বিচারক চলে যাবার সাথে সাথে লুৎফুজ্জামান বাবর কাঠগড়ায় থেকে উচ্চ স্বরে বলেছেন যে মামলায় খালেদা জিয়া এবং তারেক রহমানের নাম বলার জন্য তাকে জোর করা হয়েছিলো। তিনি তাতে রাজি করা হয়েছিলো। তিনি তাতে রাজি না হওয়ায় তাকে রাজনৈতিকভাবে এ মামলায় ফাঁসানো হয়েছে। এটা তিনি কাঠগড়ায় দাড়িয়ে দাবি করেছেন। এছাড়া বাকি আসামীরা কেউ কোন প্রতিক্রিয়া দেখায়নি। (বিবিসি: ১৯:৩০ ঘ: ১০/১০/১৮ সোনিয়া/আশরাফ)

## আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক কন্যাশিশু দিবস

বিশ্বজুড়ে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক কন্যাশিশু দিবস। বিশ্বব্যাপী অনেক দেশেই কন্যাশিশুর জন্ম পরিবারে নিয়ে আসে এক ধরনের অসন্তোষ। কন্যা শিশুদের পরিবারের সম্পদ হিসেবে ভাবা হয় না বরং বোঝা বলেই তাদেরকে অনেক পরিবারই মনে করে। কিন্তু তারা আদিকাল থেকেই কৃষিকাজসহ নানা ধরনের কর্মকাণ্ডে যুক্ত। বর্তমানে এখন নানা ধরনের অর্থনৈতিক কর্মকাণ্ডের সঙ্গেও যুক্ত হচ্ছেন নারীরা। এমন প্রেক্ষাপটে তাদের সম্পর্কে ধারণার কতটা

বদলেছে কথা বলেছিলাম ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক সামিনা লুৎফার সঙ্গে। শুরুতেই জানতে চেয়েছিলাম কন্যা শিশুদের প্রতি সমাজের এই ধারণা কীভাবে এসেছে?

সামিনা লুৎফা: মিসরীয় সভ্যতা বা মেসোপটেমীর সভ্যতা সেই সময়কার কথা যখন থেকে আমরা জানি যে, নারীরা কৃষির যে মূল কাজ বা খাদ্য উৎপাদনের যে কাজ সেই জায়গা থেকে তারা বিচ্ছিন্ন হয়েছেন। এবং তাদেরকে ঘরের ভেতরে রাখা হয়েছে এবং ঘরের ভেতরের কাজ নারীর এবং বাইরের কাজ পুরুষের। ঘরের ভেতরের কাজটা কম গুরুত্বপূর্ণ, বাইরের কাজটা বেশি গুরুত্বপূর্ণ সেই জায়গাটা শুরু হযেছে কৃষি সভ্যতার সাথে সাথেই এবং কৃষি সভ্যতা যতদূর বিকশিত হয়েছে, নারী পুরুষের অসমতা বেড়েছে বৈষম্য বেড়েছে। তারপর শিল্প বিপ্লবের পরও নারীর কিন্তু তার সমঅধিকার পেতে বহুবছর অপেক্ষা করতে হয়েছে।

বিবিসি: এই যে আপনি বলছিলেন যে, বৈষম্যের মধ্যদিয়েই কিন্তু চলেছে এই বিষয়গুলো। কিন্তু কৃষি বা পশুপালনের ক্ষেত্রে নারীর যে ভূমিকা, নারীরও তো একটা বড় ধরনের অবদান ছিল, তারপর এই বৈষম্যটা কেন আসলে?

সামিনা লুৎফা: সেই সময় কিন্তু নারীরাই মূল খাদ্য উৎপাদনের সাথে জড়িত ছিল। কৃষি সভ্যতায় দুটো জিনিস হচ্ছে। একটা জিনিস হচ্ছে, মানুষ তার নিজের কায়িক পরিশ্রমের বাইরে গিয়ে অন্য প্রাণীর পরিশ্রমের মাধ্যমে খাদ্য উৎপাদন করতে পারছে। কারণ তারা পশুকে পোষমানাতে পেরেছে। তার মানে কৃষি সভ্যতা যখন হয়েছে সেটা তো অনেক বড় জমিতে, লম্বা জমিতে যখন চাষ হচ্ছে একই সাথে তখন পেশীশক্তির প্রয়োজন হচ্ছে। কারণ মাটিটাকে খুড়তে হচ্ছে অনেক বড় জায়গা জুড়ে এই শক্তির ক্ষেত্রে আমরা জানি যে নারীর যে শারীরিক যে একটা প্রতিবন্ধকতা এটা এই অর্থে প্রতিবন্ধকতা যে, গর্ভকালীন সময়ে লম্বা সময় সে কায়িক পরিশ্রম করতে পারে না। এবং ঐ সময়কার সমাজগুলোতে আমরা দেখেছি যে, জন্মহারটা অনেক বেশি ছিল। কারণ নারী অনেক বেশি সময় মা হওয়ার জন্য অপেক্ষা করছে। আরেকটা গুরুত্বপূর্ণ জিনিস হচ্ছে, এই যে জমিটা চাষ করা হচ্ছে কিংবা যেটায় ফসল উৎপাদিত হচ্ছে সেই জমির মালিকানার একটা প্রশ্ন আছে। তাহলে নারীকে অন্যান্য পুরুষের কাছ থেকে দূরে রাখতে হবে এবং এই যে একটা ধারণা এই ধারণাটা কৃষি সভ্যতা এবং এই যে ব্যক্তিগত সম্পত্তি বা জমির মালিকানার সাথে সম্পর্কিত হয়ে গেলো এবং সেই সম্পর্কিত হওয়ার কারণেই নারীকে কিন্তু ঘরের ভিতরে আটকে ফেলার ব্যবস্থা করা হল।

বিবিসি: এখন তো শিক্ষার হার বেড়েছে নারীদের মধ্যে। সচেতনতা বেড়েছে, অর্থনৈতিক কর্মকাণ্ডে তারা জড়িত হচ্ছেন। তাদের সম্পর্কে এই যে ধারণা বা বোঝা হয়ে ওঠার মানসিকতাটা এটা এখন কতটা বদলেছে?

সামিনা লুৎফা: আমি বলবো না যে খুব বদলেছে। পৃথিবীজুড়ে এখন নানারকম অবস্থা দেখতে পাই। কোন সমাজে কিছুটা পরিবর্তন হয়নি। কোথাও প্রচুর পরিবর্তন হয়েছে। সেখানে দেখতে পাচ্ছি যে নারীরা সর্বত্র সব কাজে তারা অংশগ্রহণ করছে, ঘরে বাইরে সবক্ষেত্রে। তারপরেও নারী এখন সে যদি কর্মসূত্রে বাইরে যায় কর্মক্ষেত্রেও সে যেমন বৈষম্যের শিকার হয় সেসব তথ্যও আমরা জানি। আবার আমরা এটাও জানি যে সে ঘরের মধ্যেও নানারকমের বৈষম্যের শিকার হয়। নারী বাইরে কাজ করলেও ঘরের সব কাজ তাকেই করতে হয়। এই পরিস্থিতিটা যে এখনো চালু আছে তার কারণ হিসেবে এই যে এত লম্বা সময় আমি বলবো প্রায় পাঁচ হাজার বছর ধরে একটা প্রধান ধারণা হয়ে দাঁড়িয়েছে যে নারীরা আসলে পুরুষের থেকে অধঃস্তন। এই যে ধারণা এই ধারণাটাকে তৈরী করেছে পুরুষতন্ত্র। এবং পরিবার থেকেই আসলে কন্যা শিশু এবং ছেলে শিশুদের মধ্যে পার্থক্যটা তৈরী করা হয়।

(বিবিসি : ০৭:৩০ ঘ. ১১/১০/১৮ এলিনা/হেলাল)

## বাংলাদেশে রাজনৈতিক মামলায় ক্যারিয়ারে তেমন একটা প্রভাব পড়ে না: অধ্যাপক দিলারা চৌধুরী

বাংলাদেশে একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের পর আজ বৃহস্পতিবার থেকে সারাদেশে বিক্ষোভ করার কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। সপ্তাহব্যাপি সারাদেশে দলটির নানা অঙ্গসংগঠন এসব কর্মসূচি পালন করবে। রায়ে সাবেক মন্ত্রী লুৎফুজ্জামান বাবর, আব্দুস সালাম পিন্টুসহ ঊনিজনকে মৃত্যুদন্ড দিয়েছে আদালত। খালেদা জিয়ার পুত্র বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমান ও বিএনপি নেতা হারিছ চৌধুরীসহ ঊনিশজনকে দেয়া হয়েছে যাবজ্জীবন কারাদণ্ড। বর্তমানে তারেক রহমান দেশের বাইরে অবস্থান করলেও বহুদিন ধরেই বিএনপির ভবিষ্যৎ কর্ণধার বলেই তাকে ভাবা হচ্ছে। অন্য মামলাতেও তার সাজা হয়েছে, রয়েছে তার বিরুদ্ধে আরো মামলা। এ অবস্থায় তারেক রহমানের রাজনৈতিক ক্যারিয়ারের উপর বতটা প্রভাব পড়তে পারে, সহকর্মী শাহনাজ পারভীন জিজ্ঞেস করেছিলেন অধ্যাপক, রাজনৈতিক বিশ্লেষক দিলারা চৌধুরীকে।

মিজ চৌধুরী: রাজনৈতিক ভবিষ্যৎ একজন রাজনৈতিক নেতার দেখতে হবে ওদেশের রাজনীতিটা কিভাবে হয়। বাংলাদেশে কিন্তু কোন সুস্থ রাজনীতির চর্চা হয় না। দু'টা পরিবার অল্টারনেটলি ক্ষমতায় থাকে। তাদের সম্বন্ধে কোন রকম প্রশ্ন জনগণ করে না। জনগণ মানে আমি বলছি, পার্টির মধ্যে যারা আছে তারা। তারা তাদের দোষ-ক্রুটি বা

সমালোচনা কিছুই তারা করেন না। সুতরাং এরা যাই করেন না কেন, তাদের যে সমর্থক এবং তাদের যে পার্টি তাদের নেতৃত্ব নিয়ে প্রশ্ন তুলবে বলে আমার মনে হয় না।

বিবিসি: কিন্তু তারেক রহমান যেটা হয়েছে যে, তিনি হয়ত বিদেশ থেকে কেন্দ্রীয় নেতাদের সঙ্গে তার একটা সংযোগ রয়েছে। মাঠ পর্যায়ের কর্মী বা সাধারণ মানুষের কাছে তিনি নিজের বক্তব্য সেই অর্থে তুলে ধরতে পারছেন না। গণজমায়েত নেই, গণসংযোগে আসতে পারছেন না। এটা কি তার রাজনৈতিক ভবিষ্যতে কোন প্রভাব ফেলছে না?

মিজ চৌধুরী: এটা আজকাল আপনার ফেসবুক ধরেন ইউটিউবে যেসব আপলোডিং হয়, সেখানে তারেক রহমানের বক্তব্য আমরা দেখছি। সুতরাং আমাদের যারা ইয়াং জেনারেশন সবাই আপনার হাতের মুঠোয় সব খবর নিয়ে নিয়েছেন। সেখানে তার বক্তব্য হরদম দেখা যাচ্ছে।

বিবিসি: তার বিরুদ্ধে আরো মামলায় সাজা হয়েছে আরও আগে, তার বিরুদ্ধে আরও মামলাও রয়েছে। এই মামলাগুলোতে যদি তাকে মুখোমুখি হতে হয় এবং মামলাগুলোতে যদি আইনগত লড়াই করতে হয় তাহলে তাকে দেশে ফিরে আসতে হবে। এই যে তিনি দেশে ফিরে আসতে পারছেন না, দেশে ফিরে আসতে না পারাটা কি তার রাজনৈতিক ক্যারিয়ারে কিছুটা হলেও অনিশ্চয়তার দিকে ঠেলে দিচ্ছে না?

মিজ চৌধুরী: সেটাতো বটেই। আপনার মুখোমুখি দাঁড়িয়ে রাজনীতি করা আর দূর থেকে রাজনীতি করা সেখানে আপনার অনিশ্চয়তার দিকে কিছুটা ফেলে দিবে। আমি যেটা বলতি চাচ্ছি, সেটা হলো যে, দেশে সুস্থ রাজনীতির চর্চা হয় এবং জনগণের ভিতরে আপনার যে তারা সত্যিকারের কি একটা নাগরিক তাদের অধিকার নিয়ে কথা বলে বাংলাদেশে সেই জাতীয় চর্চ নাই। বর্তমানে যিনি প্রধানমন্ত্রী, ওনার যারা ফলোয়ার তারা কি কেউ বিশ্বাস করবে যে ওনার একটা মামলা সত্য ছিল। তার জন্য তার রাজনৈতিক ক্যারিয়ার কোন রকম অনিশ্চিতের দিকে যাবে?

বিবিসি: আপনি শুরুতে উল্লেখ করছিলেন যে, বাংলাদেশের রাজনীতি এক ধরনের ডাইনেস্টি দিয়ে চলে এবং তার ফলোয়াররা অন্ধভাবে তাকে ফলো করতে থাকে। কিন্তু সেটাও যদি দেখতে হয় তাহলে বিএনপির ভবিষ্যৎ নেতৃত্ব আসলে কোন দিকে? কারণ, তাদের ধরেই নেয়া হচ্ছিল তারেক রহমান হয়তো বিএনপির কোন না কোন সময় নেতৃত্ব দিবেন। এই পর্যায়ে এসে তাহলে বিএনপির নেতৃত্বের ভবিষ্যৎ কি?

মিজ চৌধুরী: এখন আপনার নেতৃত্বে খালেদা জিয়া যেহেতু অন্তরীণ আছেন সেজন্য এখন তারেক জিয়া ভারপ্রাপ্ত চেয়ারম্যান। খালেদা জিয়া আপনার প্যারোলে মুক্তি পেলেই উনি নিজে নিতে পারতেন। তার পরে সামনে নির্বাচন আছে, নির্বাচনকে ঘিরে নানা রকম রাজনীতি হবে। অনেক কিছু নির্ভর করবে নির্বাচনের ফলাফলের উপর। সেগুলিকে মাথায় রেখে এই মুহূর্তে কিন্তু কিছু বলা যায় না বিএনপির নেতৃত্বটা কিভাবে সংগঠিত হবে এবং কোন ধরনের নেতৃত্ব বিএনপিতে আসবে।

বিবিসি: আরো ফিউচারের কথা যদি চিন্তা করতে হয় যে পার্টি হিসেবে বিএনপির ভবিষ্যৎ নেতৃত্ব আগামী দশ বছর পর সেই ভবিষ্যৎ নেতৃত্ব আসলে কি হবে?

মিজ চৌধুরী: বাংলাদেশে যদি আপনার সত্যিকারের গণতান্ত্রিক যে চর্চা সেটা হলে নেতৃত্বের পরিবর্তন পার্টির মধ্যে ঠিকই হবে। সেটাতো বাংলাদেশে হচ্ছে না। যদি বাংলাদেশে কিছুটা হলেও আমরা আশা করছি হয়তো নেতৃত্বে সেই ধরনের চিন্তা-ভাবনা আসবে যে সংস্কৃতিকে পরিবর্তন করতে হবে। তখন আপনার অন্যান্য দেশে যে নেতৃত্ব নির্ধারিত হয় সেভাবেই হবে। (বিবিসি: ০৭৩০ ঘ. ১১-১০-১৮ সাইফুর/সজীব)

### যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় ঘূর্ণিঝড় মাইকেলের প্রভাবে এ পর্যন্ত ১৩ জন নিহত হয়েছে

যুক্তরাষ্টের ফ্লোরিডা উপকূলে আঘাত হানতে যাচ্ছে এ যাবতকালের সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড়। ঘূর্ণিঝড় মাইকেলের প্রভাবে ঘন্টায় দুশো কিলোমিটারেরও বেশি গতিতে বাতাস বইছে। ফ্লোরিডার গভর্নর স্কট সতর্ক করে দিয়ে বলেছেন, এটি হতে পারে ১০০ বছরের মধ্যে সবচেয়ে শক্তিশালী ঘূর্ণিঝড়। এ পর্যন্ত সেখানে ১৩ জনের নিহত হওয়ার খবর পাওয়া গেছে। ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান ও বিদ্যুৎ লাইন।
(বিবিসি : ০৭:৩০ ঘ. ১১/১০/১৮ এলিনা/হেলাল)

## ভয়েস অফ আমেরিকা

### ২১শে আগস্ট গ্রেনেড হামলার রায় প্রকাশ

আজ থেকে চৌদ্দ বছর আগে আওয়ামী লীগের এক সমাবেশে গ্রেনেড হামলার ঘটনায় তদানীন্তন বিএনপি সরকারের স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবরসহ ঊনিশজনের মৃত্যুদণ্ডের রায় দিয়েছেন আদালত। ঢাকা থেকে জহুরুল আলম :
বুধবার আদালতের দেওয়া ঐ রায়ে একই মামলায় খালেদা জিয়ার বড় ছেলে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ ঊনিশজনকে যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত করা হয়েছে। মামলার মোট ঊনপঞ্চাশজন আসামীর মধ্যে বাকি

এগারজনকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়েছে। মামলার মোট আসামীর মধ্যে তারেক রহমানসহ আঠারজন পলাতক রয়েছেন।

২০০৪ সালের ২১শে আগস্টের ঐ হামলায় চব্বিশজন নিহত এবং বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ কয়েকশ' লোক আহত হয়েছিলেন। বিএনপি তাৎক্ষণিক এক প্রতিক্রিয়ায় রায় প্রত্যাখ্যান করেছে। এ প্রসঙ্গে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, (স্বকণ্ঠে): 'এ রায় রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। ক্ষমতাসীন সরকারের রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার নগ্ন প্রয়াশ।' তবে ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, (স্বকণ্ঠে): 'এ রায়ে আমরা পুরোপুরি সন্তুষ্ট নই। কারণ এ রায়ে প্লানার এবং মাস্টারমাইন্ডের সর্বোচ্চ শাস্তি হওয়া উচিত ছিল।'

এদিকে, আসামী পক্ষের আইনজীবীরা বলেছেন, তারা এ রায়ের বিরুদ্ধে উচ্চআদালতে আপিল করবেন। সরকার পক্ষও বলেছেন, তারা তারেক রহমানসহ কয়েকজনের মৃত্যুদণ্ড চয়ে উচ্চ আদালতে আপিল করবেন।

(ভোয়াঃ ২২০০ ঘ. ১০-১০-১৮ ফারুক/সজীব)

### বাংলাদেশের হাইকমিশনারকে বহিষ্কার করতে পারে পাকিস্তান

পাকিস্তানে নিযুক্ত বাংলাদেশের হাইকমিশনার তারেক আহসানকে বহিষ্কার করতে পারে দেশটি। ডব্লিউআইওএন টেলিভিশন এ খবর দিয়েছে। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী :

খবরে বলা হয়, পাকিস্তানের নয়া হাইকমিশনার সাকলাইন সৈয়দাকে গ্রহণ করতে বাংলাদেশ অস্বীকৃতি জানানোয় এমনটাই বিবেচনা করা হচ্ছে। প্রধানমন্ত্রী ইমরানের কাছে দেশটির পররাষ্ট্রমন্ত্রী শাহ মেহমুদ কোরেশী এ মর্মে সুপারিশ পাঠিয়েছেন। একইসঙ্গে বাংলাদেশের হাইকমিশনারকে বহিষ্কারের কথাও বলেছেন। গত ফেব্রুয়ারি থেকে ঢাকায় পাকিস্তানের কোন হাইকমিশনার নেই। পাকিস্তান চেয়েছিল পেশাদার কূটনীতিক সাকলাইন সৈয়দকে সাবেক হাইকমিশনার রফিকুজ্জামান সিদ্দিকীর স্থলাভিষিক্ত করতে। কূটনীতিক চ্যানেলে সেভাবেই এগ্রির জন্য বার্তা পাঠিয়েছিল। কিন্তু বাংলাদেশ এ ব্যাপারে সাড়া দেয়নি। মনে করা হচ্ছে, বাংলাদেশ হয়তো সাকলাইন সৈয়দাকে গ্রহণ করতে রাজি নয়। যদিও বাংলাদেশ এ সম্পর্কে কিছুই বলছে না।

ওদিকে, ইসলামাবাদস্থ বাংলাদেশ হাইকমিশনের তরফে এক বিবৃতিতে ঢাকায় পাক কূটনীতিক নিয়োগ নিয়ে বিতর্কের প্রেক্ষিতে বলা হয়েছে, বিদেশি কূটনীতিকদের প্রতি ঢাকা বরাবরই সন্দেহ দেখায়। বিবৃতিতে সাবেক হাইকমিশনার রফিকুজ্জামান সিদ্দিকীর সমালোচনা করা হয়। বলা হয়, মি. সিদ্দিকীর মন্তব্য অরুচিকর।

(ভোয়াঃ ২২০০ ঘ. ১০-১০-১৮ ফারুক/সজীব

## রেডিও তেহরান

### বহুল আলোচিত ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ের প্রতিক্রিয়া

বাংলাদেশের বহুল আলোচিত ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার প্রতিক্রিয়ায় আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আমরা এ রায়ে সন্তুষ্ট। এছাড়া ঘোষিত রায়কে অন্যায় ও বেআইনী বলে প্রত্যাখ্যান করেছেন আসামী পক্ষের আইনজীবী। এ সম্পর্কে প্রতিবেদন পাঠিয়েছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বাংলাদেশের বহুল আলোচিত চাঞ্চল্যকর ২১শে আগস্ট গ্রেনেড হামলা মাহলার রায় ঘোষণা করা হয়েছে। এ মামলায় সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর এবং সাবেক উপমন্ত্রী আব্দুস সালাম পিন্টুসহ উনিশজনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে ২১শে আগস্ট ভয়াবহ গ্রেনেড হামলার ঘটনায় ,মতিঝিল থানায় দায়ের করা এ মামলায় একইসঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, হারিস চৌধুরী, সাবেক সংসদ সদস্য কায়কোবাদসহ উনিশজনের যাবজ্জীবন সাজা দেওয়া হয়েছে। এছাড়া, আরো এগারজন আসামীকে বিভিন্ন মেয়াদে সাজা দেওয়া হয়েছে। আজ বুধবার পুরনো ঢাকার নাজিমুদ্দিন রোগে স্থাপিত ঢাকার এক নম্বর দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক শাহেদ নুরুদ্দিন এ রায় ঘোষণা করেন। বুধবার রায় ঘোষণার পরপরই এক তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এ রায়কে ফরমায়েশি এবং রাজনৈতিক উদ্দেশ্যমূলক বলে প্রত্যাখ্যান করেছেন। রায়ের পরপরই আদালত প্রাঙ্গণে তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় বিএনপির আইন বিষয়ক সম্পাদক ও মামলার একজন আইনজীবী সানাউল্লাহ মিয়া সাংবাদিকদের বলেছেন, (স্বকণ্ঠে): 'বিএনপির আমলে যে তদন্ত করেছে সেই তদন্তের ভিত্তিতে মুফতি হান্নান এবং অন্যান্যদেরকে গ্রেফতার করেছে। সেই তদন্তের পরিপ্রেক্ষিতে এই মামলার সাক্ষী হয়েছেন। কোন সাক্ষী বলে নাই, তারেক রহমান কোন ধরনের সহযোগিতা করেছে, কোন কিছু গোপন করেছে, অথচ তাকে আজকে অন্যায়ভাবে যাবজ্জীবন দেওয়া হয়েছে। আমরা ন্যায়বিচার পাই নাই।"

রায় ঘোষণার প্রতিক্রিয়ায় আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, আমরা রায়ে সন্তুষ্ঠ। তবে, বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মৃত্যুদণ্ড হওয়া উচিত ছিল। কারণ তারেক রহমানই ছিল গ্রেনেড হামলার মূল নায়ক। মামলার রায়ের পর এক প্রতিক্রিয়ায় স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, (স্বকণ্ঠে): ''আমরা মনে করি, এটা যতার্থ হয়েছে এবং যারা বিদেশে পালিয়ে আছে তাদেরকেও খুব শীঘ্রই ফিরিয়ে নিয়ে আসার আমরা ব্যবস্থা নেব এবং বাকি জনদেরও এই রায় কার্যকরী হবে বলে আমরা বিশ্বাস করি।''

এ রায়ের মাধ্যমে ন্যয়বিচার প্রতিষ্ঠা হলো বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু। বুধবার রায় ঘোষণা হওয়ার পর তাৎক্ষণিক লিখিত প্রতিক্রিয়ায় জাসদ সভাপতি হাসানুল হক ইনু এ মন্তব্য করেন। তবে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, মামলার রায়ে আওয়ামী লীগ অখুশি নয়। তবে, পুরোপুরি খুশিও হতে পারেনি, (স্বকণ্ঠে): "বিলম্বিত হলেও এ রায়ে আমরা খুশি। কিন্তু আমরা পুরোপুরি সন্তুষ্ট নই। "

এছাড়া, এ রায়কে কেন্দ্র করে আজ বঙ্গবন্ধু এভিনিউ কার্যালয়ের সামনে আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের আয়োজিত এক সমাবেশে নেতারা বলেছেন, এ মামলায় অভিযুক্ত সকলের সর্বোচ্চ শাস্তির দাবিতে তারা রাজপথে আন্দোলন অব্যাহত রাখবে। (রে. তেহরান: ২০৩৫ ঘ. ১০-১০-১৮ এলিনা/সজীব)

## একুশে আগস্ট মামলায় খালেদা জিয়াকেও বিচারের আওতায় আনার দাবি ড. হাসান মাহমুদের

একুশে আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় বেগম খালেদা জিয়াকেও বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন বাংলাদেশের আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. হাসান মাহমুদ এমপি। তিনি আজ জাতীয় প্রেসক্লাবের সামনে সমাবেশে এই দাবি জানান। বিস্তারিত জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

আওয়ামী লীগের জনসভায় ২০04 সালের একুশে আগস্ট গ্রেনেড হামলার ঘটনায় বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকেও বিচারের আওতায় আনার দাবি জানিয়েছেন আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক এবং দলের অন্যতম মুখপাত্র ড. হাসান মাহমুদ, এমপি। আজ বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে বাংলাদেশ আওয়ামী-মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগ আয়োজিত সমাবেশ ও মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে হাসান মাহমুদ এই দাবি জানান। হাসান মাহমুদ আরও বলেন, বেগম জিয়া তৎকালীন প্রধানমন্ত্রী ছিলেন। বেগম জিয়া এই হত্যার দায় এড়াতে পারেন না। সুতরাং বেগম জিয়ার জ্ঞাতসারেই এই হামলা হয়েছে। তাই একুশে আগস্ট গ্রেনেড হামলার মামলায় বিচারের আওতায় খালেদা জিয়াকেও আনার দাবি আমরা প্রথম থেকেই করে আসছি। রাষ্ট্রপক্ষকে আপিলের অনুরোধ জানিয়ে সাবেক বন ও পরিবেশমন্ত্রী ড. হাসান মাহমুদ বলেন, বিচারের রায়ে যদি বেগম জিয়াকে শাস্তির আওতায় আনা না হয় তাহলে রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানাব, আপিল হোক।

এদিকে, একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় ঘোষণার পর বগুড়ার শাহজাহানপুর উপজেলায় যাত্রীবাহী বাসে পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে। বগুড়ার অতিরিক্ত পুলিশ সুপার সনাতন চক্রবর্তী জানান, উপজেলার শাহজাহানপুর এলাকায় ঢাকা-বগুড়া রুটে চলাচলকারী নাবিল পরিবহনের একটি বাসে দুর্বৃত্তরা পেট্রোল বোমা নিক্ষেপ করেছে। এতে বাসের তিনজন নারী যাত্রী আহত হয়েছে। তাদের স্থানীয় হাসপাতালে ভর্তি করা হয়েছে। একুশে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় ঘোষণার পর অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করতে এই হামলা চালানো হতে পারে বলে তিনি ধারণা করছেন। (রে. তেহরান: ২০৩৫ ঘ. ১০-১০-১৮ খালেদা/সজীব)

## গ্রেনেড হামলা মামলায় বাবর, পিন্টুসহ উনিশজনের মৃত্যুদন্ড

বাংলাদেশের রাজধানী ঢাকার বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে চৌদ্দ বছর আগে একুশে আগস্ট গ্রেনেড হামলায় জড়িত থাকার দায়ে সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর, উপমন্ত্রী আব্দুস সালাম পিন্টুসহ উনিশজনকে মৃত্যুদণ্ড দিয়েছে আদালত। একই সঙ্গে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, হারিছ চৌধুরী, সাবেক সংসদ সদস্য কায়কোবাদসহ উনিশজনকে যাবজ্জীবন কারাদন্ড দেওয়া হয়েছে। এছাড়া, পুলিশের সাবেক তিন আইজিপিসহ এগারজন আসামীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেওয়া হয়েছে। আজ পুরনো ঢাকার নাজিমুদ্দিন রোডে স্থাপিত ঢাকার এক নম্বর দ্রুত বিচার ট্রাইব্যুনালের বিচারক শাহেদ নুরুদ্দিন এই রায় ঘোষণা করেন। (রে. তেহরান: ২০৩৫ ঘ. ১০-১০-১৮ খালেদা/সজীব)

## ভারতের উত্তর প্রদেশে ট্রেন দুর্ঘটনায় সাতজন নিহত

ভারতের উত্তর প্রদেশের রায়বেরেলীতে ট্রেন দুর্ঘটনায় সাতজন নিহত এবং ত্রিশজন যাত্রী আহত হয়েছেন। হাসপাতালে ভর্তি হওয়া আহত যাত্রীদের মধ্যে কমপক্ষে নয়জনের অবস্থা আশঙ্কাজনক।

(রে. তেহরান: ২০৩৫ ঘ. ১০-১০-১৮ খালেদা/সজীব)

## রেডিও জাপান

### যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর ২য় দফায় বৈঠক অনুষ্ঠিত হবে ট্রাম্প এবং কিম জং উনের মধ্যে

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের সাথে তার দ্বিতীয় দফার শীর্ষ বৈঠক নভেম্বর মাসের ছয় তারিখ নির্ধারিত যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচনের পর অনুষ্ঠিত হবে। আইহো অঙ্গরাজ্যে অনুষ্ঠিতব্য এক রাজনৈতিক সমাবেশে যোগদানের লক্ষ্যে যাত্রাকালে ট্রাম্প ফ্লাইটে সাংবাদিকদের বলেন যে, ঐ বৈঠকটি মধ্যবর্তী নির্বাচনের পর অনুষ্ঠিত হবে। তার পক্ষে এখন যুক্তরাষ্ট্র ত্যাগ করা সম্ভব নয়। গতকাল দিনের প্রথমার্ধে ট্রাম্প বলেন যে, দ্বিতীয় দফায় শীর্ষ বৈঠকের জন্য বিভিন্নস্থান তালিকায় অন্তর্ভূক্ত করা হয়েছে কিমের সঙ্গে তার সম্পর্ক খুব ভাল উল্লেখ করে ট্রাম্প বলেন, অন্যকে খুব পছন্দ করেন তারা। পিয়ং ইয়ংয়ে অনুষ্ঠিত মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও এবং কিমের মধ্যকার বৈঠক বিষয়েও পম্পেও তাকে অবহিত করেছেন বলে ট্রাম্প জানান। পম্পেও এবং কিমের আলোচনা ভাল ছিল বলে ট্রাম্প উল্লেখ করেন। উভয় পক্ষ যত শীঘ্র সম্ভব দ্বিতীয় দফার আলোচনায় মিলিত হওয়ার লক্ষ্যে চেষ্টা চালাবে বলে কিমের সাথে একমত হন পম্পেও। ( রে. জাপান: ২১০০ ঘ. ১০-১০-১৮ এলিনা/সজীব)

## রেডিও এবিসি

### ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে সন্তুষ্ট আইনমন্ত্রী

২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে সন্তুষ্ট আইনমন্ত্রী আনিসুল হক। তবে এ মামলার রায়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের মৃত্যুদণ্ড হওয়া উচিত ছিল বলে তিনি মনে করেন। রায়ের কপি পাওয়ার পর তা পর্যালোচনা করে তারেক রহমান, কাজী শাহ মোফাজ্জেল হোসেন কায়কোবাদ এবং হারিছ চৌধুরীর সাজা মৃত্যুদণ্ডে দণ্ডিত করা যায় কি-না, সেজন্য উচ্চ আদালতে আপিল করবেন তারা। আজ বুধবার সচিবালয় সাংবাদিকদের কাছে এই রায়ের প্রতিক্রিয়া জানাতে গিয়ে আইনমন্ত্রী এসব কথা বলেন।
(রেডিও এবিসি: ১৫:০০ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

### নিজেকে নির্দোষ দাবি করেছেন লুৎফুজ্জামান বাবর

গ্রেনেড হামলা মামলায় রায় ঘোষণার পর মৃত্যুদণ্ডপ্রাপ্ত সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর বলেছেন, আল্লাহ সব কিছু জানেন। আমি এর সঙ্গে জড়িত ছিলাম না। বুধবার রায় ঘোষণার পর নিজেকে নির্দোষ দাবি করে তিনি এ প্রতিক্রিয়া জানান। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১০/১০/১৮ সোনিয়া/আলি)

### বগুড়ায় চলন্ত বাসে পেট্রোল বোমা হামলা, তিন নারী দগ্ধ

২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায় ঘোষণাকে কেন্দ্র করে বগুড়ায় পুলিশের করা নিরাপত্তা ব্যবস্থার মধ্যে যাত্রীবাহী চলন্ত বাসে পেট্রোল বোমা নিক্ষেপের ঘটনা ঘটেছে। এতে বাসের সামনের আসনে থাকা তিন নারী যাত্রী দগ্ধ হয়েছেন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ১০/১০/১৮ সোনিয়া/আলি)

## রেডিও টুডে

### ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলায় ১৯জনের মৃত্যুদণ্ড ও তারেকসহ ১৯জনের যাবজ্জীবন কারাদণ্ড

বহুল আলোচিত ২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে বিএনপি নেতা ও সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর ও শিক্ষা উপমন্ত্রী আবদুস সালাম পিন্টুসহ ১৯জনকে মৃত্যুদণ্ড দিয়েছেন বিচারক আদালত। আর বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানসহ ১৯জনকে যাবজ্জীবন কারাদণ্ড দেয়া হয়েছে। এছাড়া, মামলার বাকি ১১ আসামীকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দেয়া হয়েছে। নাজিম উদ্দীন রোডে পুরনো ঢাকা কেন্দ্রীয় কারাগারের পাশে স্থাপিত ঢাকার দ্রুত বিচার ট্রাইব্যুনাল-১ এর বিচারক শাহেদ নূর উদ্দীন দুপুর ১২টার দিকে এই রায় ঘোষণা করেন। রায় ঘোষণার সময় মামলায় ৩১জন আসামীকে আদালতে হাজির করা হয়। মামলায় পলাতক আসামীদের বিরুদ্ধে গ্রেফতারী পরোয়ানা জারি করা হয়েছে। রায়ের পর রাষ্ট্রপক্ষের আইনজীবী মোশাররফ হোসেন কাজল বলেন, রায়ের পর্যবেক্ষণে আদালত বলেছেন, আওয়ামী লীগকে নিশ্চিহ্ন করে ফেলাই ছিল ২১শে আগস্টের হামলার মূল লক্ষ্য, যাতে জড়িত ছিল তৎকালীন রাষ্ট্রযন্ত্র। এদিকে, রায়ের পর প্রতিক্রিয়ায় আসামী পক্ষের আইনজীবী সানা উল্লাহ মিয়া এই রায়ে অসন্তোষ প্রকাশ করে বলেছেন, তারা এ রায়ের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল করবেন। সময় হলে তারেক রহমান দেশে ফিরে আত্মসমর্পণ করবেন বলে আপিল করবেন বলেও জানান তিনি।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

### ২০০৪ সালের ২১শে আগস্ট চালানো হয় ভয়াবহ গ্রেনেড হামলা

২০০৪ সালে ২১শে আগস্ট রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে আওয়ামী লীগের সন্ত্রাসবিরোধী সমাবেশে গ্রেনেড হামলায় নিহত হন মহিলা আওয়ামী লীগের তৎকালীন সভানেত্রী বেগম আইভী রহমানসহ নিহত হন ২৪জন। ভয়াবহ এই হামলায় প্রাণে বেঁচে গেলেও আহত হন আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদের তৎকালীন বিরোধী দলীয় নেতা

শেখ হাসিনাসহ নেতা-কর্মী। এই ঘটনায় দায়ের করা হত্যা মামলা নিয়ে দীর্ঘ ১৪ বছর ধরে চলেছে নানা আলোচনা সমালোচনা। মামলার কার্যক্রম নিয়ে অবতারণা হয়েছে তাৎপর্যপূর্ণ বহু ঘটনার।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**রায়ে আওয়ামী লীগ সন্তুষ্ট নয় তবে পুরোপুরি অখুশী নয়: ওবায়দুল কাদের**

২১শে আগস্ট গ্রেনেড হামলা মামলার রায়ে আওয়ামী লীগ অখুশী নয়, তবে পুরোপুরি সন্তুষ্ট নয়। রায়ের পর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এক তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেন, রায়ে মামলার মাস্টার মাইন্ডের সর্বোচ্চ শাস্তি হওয়া উচিত ছিল।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**রায় প্রত্যাখ্যান করে সাতদিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি**

এই মামলার রায়ে রাজনৈতিক প্রতিহিংসার আর একটি নোংরা দৃষ্টান্ত মন্তব্য করে রায় প্রত্যাখ্যান করেছে বিএনপি। রায় ঘোষণার পর নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিক-সম্মেলনে এই কথা বলেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। রায়ের প্রতিবাদে মানববন্ধন ও পতাকা মিছিলসহ সাতদিনের কর্মসূচি ঘোষণা করেছে বিএনপি। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**রায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী**

২১শে আগস্ট হামলা মামলার রায়ে ন্যায়বিচার প্রতিষ্ঠিত হয়েছে এবং জাতি কলঙ্কমুক্ত হয়েছে বলে মন্তব্য করেছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। রায় ঘোষণার পর তিনি সচিবালয় সাংবাদিকদের কাছে একথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, রায়ে দণ্ডপ্রাপ্ত পলাতক এগার আসামীকে দ্রুত গ্রেফতারের উদ্যোগ নেয়া হবে। এদিকে, আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর তারেক রহমান ও হারিছ চৌধুরীকে কেন যাবজ্জীবন দেয়া হয়েছে তা পর্যালোচনা করে উচ্চ আদালতে তাদের ফাঁসির আবেদনের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**রায় নিয়ে কেউ বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করলে সহ্য করা হবে না: ডিএমপি কমিশনার**

গ্রেনেড হামলা মামলার রায় নিয়ে কোন ধরনের অরাজকতা সৃষ্টির চেষ্টা সহ্য করা হবে না বলে হুশিয়ার করেছেন ঢাকা মহানগর পুলিশ কমিশনার আসাদুজ্জামান মিয়া। রায়ের পর ট্রাইব্যুনালের সামনে এক সংবাদ ব্রিফিংয়ে তিনি একথা বলেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**ঘূর্ণিঝড় 'তিতলি' ঘণীভূত হয়ে শক্তিশালী ঘূর্ণিঝড়ে রূপ নিয়েছে**

খুলনা ও পশ্চিমবঙ্গের উপকূলের দিকে ধেয়ে আসা ঘূর্ণিঝড়টি একটি শক্তিশালী ঘূর্ণিঝড়ে রূপ নিয়েছে। সকালে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ঝড় সতর্কীকরণ কেন্দ্র এক বিজ্ঞপ্তিতে জানায়, দেশের সমুদ্র বন্দরগুলোকে ৪ নম্বর হুশিয়ারী সংকেত দেখাতে বলা হয়েছে। আবহাওয়া অধিদপ্তর জানায়, পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'তিতলি' উত্তর পশ্চিম দিকে অগ্রসর হয়েছে। এটি ঘণীভূত হয়ে প্রবল ঘূর্ণিঝড় আকারে একই এলাকায় অবস্থান করছে। ঘূর্ণিঝড়টি আগামীকাল বৃহস্পতিবার বিকেল থেকে ভূ-ভাগে আঘাত হানতে পারে। এখনও পর্যন্ত এটির যে গতিপথ, তাতে এটি ভারতের উড়িষ্যা ও পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশের খুলনা অঞ্চলে আঘাত হানতে পারে। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ১০/১০/১৮ সাইফুর/আলি)

**বিএনপিকে নিষিদ্ধ ঘোষণার দাবি জানিয়েছে আওয়ামী যুবলীগ**

২১শে আগস্ট গ্রেনেড হামলা-মামলার রায়ে বিএনপি নেতাদের শুধু ফাঁসি বা যাবজ্জীবন নয়, দলটিকে নিষিদ্ধ ঘোষণার দাবি জানিয়েছে আওয়ামী যুব লীগ। আজ রায় ঘোষণার পর রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ের সামনে আয়োজিত এক সমাবেশে এ দাবি জানান যুবলীগ চেয়ারম্যান মোহাম্মদ ওমর ফারুক চৌধুরী। সেখানে আসা ২১শে আগস্ট গ্রেনেড হামলায় আহত কয়েকজনও অসন্তোষ প্রকাশ করে তারেক রহমানের ফাঁসি দাবি করেন।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১০/১০/১৮ সোনিয়া/আলি)

**রায়ের পক্ষে-বিপক্ষে দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ করেছে আওয়ামী লীগ ও বিএনপি**

রায়ের পক্ষে-বিপক্ষে দেশের বিভিন্ন স্থানে বিক্ষোভ করেছে আওয়ামী লীগ ও বিএনপি। রায়ে সন্তোষ প্রকাশ করে ঝিনাইদহ, খাগড়াছড়ি, মৌলভী বাজার, ময়মনসিংহ ও টাঙ্গাইলসহ দেশের বিভিন্ন জেলায় আনন্দ মিছিল করেছেন আওয়ামী লীগ নেতা-কর্মীরা। এসময় তারেক রহমানের ফাঁসির দাবি জানান তারা। অন্যদিকে, রায়ে বিএনপি নেতাদের ফাঁসি ও যাবজ্জীবন কারাদণ্ডের প্রতিবাদে বগুড়া ও জয়পুর হাটসহ বিভিন্ন স্থানে বিক্ষোভ করেছেন দলটির নেতা-কর্মীরা। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১০/১০/১৮ সোনিয়া/আলি)

**মুক্ত ও উন্নত সমাজ গড়তে গণমাধ্যমকে সামাজিক ভূমিকা পালনের আহ্বান প্রধানমন্ত্রীর**

মুক্ত ও উন্নত সমাজ গড়তে গণমাধ্যমকে সামাজিক ভূমিকা পালনের আহবান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বেসরকারি টেলিভিশন মালিকদের সংগঠন এ্যাটকোর নেতারা প্রধানমন্ত্রীর সঙ্গে

সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহবান জানান। প্রধানমন্ত্রী বলেন, গণমাধ্যম তাদের লাভের দিকটা যেমন দেখবে পাশাপাশি সমাজের প্রতিও তাদের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। তিনি আরও বলেন, সমাজে যেন কোন রকম অশুভ কাজ না হয়, সেদিকে সবাইকে নজর দিতে হবে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১০/১০/১৮ রিহাব/আলি)

**ঘূর্ণিঝড় তিতলির কারণে অভ্যন্তরীণ নৌ-রুটে চলাচল বন্ধ রাখার নির্দেশ বিআইডাব্লিউটিএ'র**

খুলনা ও পশ্চিমবঙ্গের উপকূলের দিকে ধেয়ে আসা ঘূর্ণিঝড় তিতলির প্রভাবে আবহাওয়া বিরূপ থাকায় সারাদেশে অভ্যন্তরীণ রুটে নৌ চলাচল বন্ধ রাখতে বলেছে বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ পরিবহন কর্তৃপক্ষ বিআইডাব্লিউটিএ। ঘূর্ণিঝড়ের কারণে দেশের সমুদ্র বন্দরগুলোতে আবহাওয়া অধিদপ্তরের ৪ নম্বর হুশিয়ারির সংকেত বহাল থাকায় দুপুরের পর এ সিদ্ধান্ত নেয়া হয় বলে গণমাধ্যমকে জানিয়েছেন বিআইডাব্লিউটিএ'র জনসংযোগ কর্মকর্তা মোবারক হোসেন। পরবর্তী ঘোষণা না দেয়া পর্যন্ত এ নির্দেশনা বহাল থাকবে। এদিকে, তিতলির প্রভাবে সাগর উত্তাল রয়েছে। চট্টগ্রাম বন্দরের বহিনোঙরে সব ধরনের লাইটার জাহাজ চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। মংলা বন্দরে জাহাজ আগমন ও ত্যাগ দুটোই বন্ধ রাখা হয়েছে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১০/১০/১৮ রিহাব/আলি)

**বগুড়ায় পেট্রোল বোমা হামলার ঘটনায় হামলাকারীদের একজন আটক**

বগুড়ায় যাত্রীবাহী একটি বাসে পেট্রোল বোমা হামলার ঘটনা ঘটেছে। যাতে তিন নারী দগ্ধ হয়েছেন। দুপুর সাড়ে ১২টার দিকে বগুড়ার শাহজাহানপুর উপজেলায় নীলফামারী থেকে ঢাকাগামী নাবিল পরিবহনের একটি বাসে এই হামলার ঘটনা ঘটে। বাসটি শাহজাহানপুরের রাধারঘাট এলাকা অতিক্রম করার সময় একটি মোটর সাইকেল থেকে পেট্রোল বোমা ছোঁড়া হয়। এতে বাসের সামনের আসনে বসে থাকা তিন নারী যাত্রী দগ্ধ হন। পরে পুলিশের একটি দল ধাওয়া দিয়ে হামলাকারীদের একজনকে আটক করে। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ১০/১০/১৮ প্রতীক/আলি)

**খুলনা ও পশ্চিমবঙ্গের উপকূলের ওপর দিয়ে ধেয়ে আসছে ঘূর্ণিঝড় "তিতলি"**

খুলনা ও পশ্চিমবঙ্গের উপকূলের দিকে ধেরে আসা ঘূর্নিঝড় 'তিতলি'র প্রভাব আবহাওয়া বিরূপ থাকায় সারা দেশে অভ্যন্তরীন রুটে নৌ চলাচল বন্ধ রাখতে বলেছে বাংলাদেশ অভ্যন্তরীন নৌ পরিবহণ কর্তৃপক্ষ বিআইডব্লিউটিএ। ঘূর্ণিঝড়ের কারণে দেশের সমুদ্রবন্দরগুলোতে আবহাওয়া অধিদপ্তরের চার নম্বর হুঁশিয়ারী সংকেত বহাল থাকায় দুপুরের পর এই সিদ্ধান্ত নেওয়া হয় বলে গণমাধ্যমকে জানিয়েছেন বিআইডব্লিউটিএ'র গণসংযোগ কর্মকর্তা মোবারক হোসেন। পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত এই নির্দেশনা বহাল থাকবে। এদিকে, তিতলির প্রভাবে সাগর উত্তাল রয়েছে। চট্টগ্রামবন্দরের বহিরনোঙ্গরে সব ধরনের লাইটার জাহাজ চলাচল বন্ধ ঘোষণা করা হয়েছে। আর মংলাবন্দরে জাহাজ আগমনও ত্যাগ দুটোই বন্ধ রাখা হয়েছে। ঘূর্ণিঝড়ের কারণে বাংলাদেশের উপকূলীয় এলাকায় পানি উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারীর ছুটি বাতিল করা হয়েছে। এর আগে আবহাওয়া অধিদপ্তর জানায় পশ্চিম মধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় তিতলী সামান্য উত্তর দিকে অগ্রসর হয়েছে। এটি ঘুনিভূত হয়ে প্রবল ঘূর্ণিঝড় আকারে একই এলাকায় অবস্থান করছে। ঘূর্ণিঝড়টি আজ বিকেল থেকে ভূ-ভাগে আঘাত হানতে পারে।
(রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১১/১০/১৮ খালেদা/হেলাল)

**জাতিসংঘ শর্ত মেনে যুক্তরাজ্য সাজা প্রাপ্তদের ফেরত দিতে পারে: সজিব ওয়াজেদ জয়**

বহিসম্পর্ক চুক্তি না থাকলেও জাতিসংঘ সনদের শর্ত মেনে সাজা প্রাপ্তদের যুক্তরাজ্যে ফেরত দিতে পারে বলে মনে করেন প্রধানমন্ত্রীর তথ্য প্রযুক্তি উপদেষ্টা সচিব ওয়াজেদ জয়। সেক্ষেত্রে ২১শে আগষ্ট গ্রেনেড হামলা মামলায় যাবজ্জীবন সাজা প্রাপ্ত তারেক রজমানকে ফেরত দিতে যুক্তরাজ্যকে এখনই অনুরোধ করা উচিত বলে মন্তব্য করেছেন তিনি। গতকাল মামলার রায় ঘোষণার পর নিজের ফেসবুক পেজে এক স্ট্যাটাসে জয় আরো বলেন আমাদের সরকারের উচিত এখনই তারেক রহমানের বিরুদ্ধে উচিত আবার নতুন করে ইন্টারপোলের রেড নোটশ জারি করা এবার খুন ও সন্ত্রাসের জন্য। (রে. টুডে : ০৮:৪৫ ঘ. ১১/১০/১৮ সাইফুল/হেলাল)

# BBC

**MONSTER US HURRICANE LASHES FLORIDA**

Hurricane Michel- a category four storm with winds reaching 155 miter per hour has made landfall in Florida's northwest Panhandle region. According to the National Hurricane Center the eye of the storm touched land near Mexico Beach. Florida on Wednesday afternoon. Hundreds of thousands were told to evacuate but may have not fled. (BBC: 06:00 hrs. 11/10/18 Faruk/Helal)

**TRUMP DEMANDS ANSWERS ON MISSING SAUDI**

President Donald Trump has vowed to get to the battom of the case of missing Saudi jouunalist Jamal Khashoggi. Mr. Trump told reporters he had talked to the Saudi authorities at the highest level about Mr. Khashoggi. Mr. Khashoggi a US resident

and critic of the Saudi monarchy, entered the Saudi consulate in Istanbul on 2 October and has not been seen since. (BBC: 06:00 hrs. 11/10/18 Faruk/Helal)

**COUNTDOWN ON FOR WORLD'S LONGEST NON-STEP FLIGHT**

The battle to offer the world's longest non-stop flight steps up a gear on Thursday, when a new Singapore to New York service takes off. Singapore Airlines is relaunching the service five year after it withdrew becouse it had become too expensive. It will cover more than 15 thousand kilometer and is scheduled to take just under 19 hours. (BBC: 06:00 hrs. 11/10/18 Faruk/Helal)

**CHINESE MAN FACES US AVIATION SPY CHARGES**

The US justice department has announced charges of economic espionage against a suspected Chinese intelligence officer. Officials say, Yanjun Xu Tried to steal trade secrets from US aviation and aerospace companies on behalf of China. He was arrested in Belgium earlier this year and on Tuesday extradited to the US.
(BBC: 06:00 hrs. 11/10/18 Faruk/Helal)

**MAJORECA FLASH FLOOD KILLS AT LEAST NINE ON SPANISH ISLAND**

At least nine people including two Britons have died and others are missing after flash flooding on the Spanish island of Majorca. A huge wave of muddy water engulfed the town of Sant Llorencides cardassar in the east of the island after a river burst its banks following heavy rain. Vehicles were swept away as water gushed through narrow streets. (BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**BANGLADESH TO HANG 19 FOR RALLY ATTACK**

A court in Bangladesh has sentenced 19 people to death for their role in a deadly grenade attack on a 2004 political rally in the capital Dhaka. Those to hang incluide a former minister and deputy minister, both leaders of the BNP party which was then in power. The partys current acting head, Tarique Rahman, was convicted to life in jail in absentia. The grenade attack left 24-people dead at the Awami League rally. Its leader Sheikh Hasina is now Prime Minister.
(BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**KENYA BUS CRASH KILLS-50**

At least 50 people were killed when a bus travelling from the Kenyan capital Nairobi to Kyumu, in the west, veered off the road. The bus was overloaded and speeding. Police said, the driver lost control and the vehicle plunged down a slape at a notorious accident black spot. The roof was ripped off. Twelve women and seven children were among those killed in the crash on Wednesday morning.
(BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**AL SHABAB SAYS IT HAS KILLED BRITISH SPY**

Somali militant group al Shabab says it has killed five men it accuses of spying one of them for the UK. According to a jehadi website, he had admitted giving information to British intelligence services about al Shabab supporters living in the UK. The five men aged between 22 and 36, were shot dead in a public execution on Tuesday in an area under the control of the Islamist group. Another was said, to be working for the Somali government. (BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**SIERRA LEONE CANCELS CHINAS FUNDED AIRPORET**

Siera Leone has cancelled a $ 400 miter Chinse funded project to build a new airport outside the capital Freetown. Former President Ernest Bai Koroma signed the loan agreement with China before he lost elections in March. At the time, the World Bank and the IMF warned that the project would impose a heavy debt burden. The decision comes amid concern that many African countries rise defaulting on their debts to China. (BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**CHINA LEGALISES VIGHUR EDUCATION CAMPS**

China’s western Xinjian region has written interment camps for Muslim Vighurs into law amid growing international concern over large-scale disappearacne there. Xinjiang says the camps will tackle extremism through ideological transformation. Rights Groups say detainees are made to sweazr loyalty to President Xi Jinping and criticise or renounce their faith. In August, China dinied allegations that it had locked up a million people. (BBC: 22:00+23:00 hrs. 10/10/18 Faruk/Helal)

**:: The End ::**